গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অতি জরুরি

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০-১২৬

তারিখ: ০৮/০৬/২০২০ খ্রি.

# জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়: মহামারি করোনা ভাইরাস সংক্রমণ রোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে নিয়মিতভাবে মাইকে প্রচার প্রসঙ্গে।**

এতদ্বারা দেশের সকল মসজিদের খতিব, ইমাম, পরিচালনা কমিটির সদস্য এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের ধর্মীয় নেতৃবৃন্দ, পরিচালনা কমিটির সদস্যদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দেশের সর্বত্র মহামারি করোনা ভাইরাস সংক্রমণ বিস্তার অব্যাহত রয়েছে। এই মহামারি সংক্রমন বিস্তার রোধে সরকার এবং সরকারের পাশাপাশি বেসরকারি সংগঠন ও প্রতিষ্ঠান, ইতোমধ্যে বিভিন্ন ধরণের প্রচারণা ও সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করেছে। দেশের সকল মসজিদ থেকে প্রতিদিন ও জুমা'র খুতবার সময় মসজিদের মাইকে এবং অনুরুপভাবে অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে করোনা ভাইরাস সংক্রমন রোধে করণীয় সর্ম্পকে প্রচার করা হলে সাধারণ জনগণ এ বিষয়ে উদ্বুদ্ধ হয়ে আরো সচেতন হবে।

২। বর্ণিত অবস্থায় দেশের সকল মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মাইক থেকে নিয়মিতভাবে করোনা ভাইরাস সংক্রমণ রোধে নিম্নবর্ণিত ঘোষণাসমূহ আবশ্যিকভাবে প্রচারের জন্য স্থানীয় প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদ ও উপাসনালয়ের পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

**<u>ঘোষণাসমূহ:</u>**

১. আতঙ্কিত না হয়ে মহান আল্লাহর উপর ভরসা রাখুন এবং করোনা মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য দোয়া করুন। অনুরুপভাবে অন্যান্য ধর্মের অনুসারীগণও মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করুন;
২. কিছুক্ষণ পর পর সাবান ও পানি দিয়ে ২০ সেকেন্ড যাবৎ দুই হাত ভালভাবে পরিষ্কার করুন;
৩. ঘরের বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরুন এবং চলাফেরা ও সকল কাজে সামাজিক দুরত্ব বজায় রাখুন;
৪. অপরিষ্কার হাতে নাক, মুখ ও চোখ স্পর্শ করবেন না এবং যেখানে সেখানে কফ, থুতু ও ময়লা আবর্জনা ফেলা থেকে বিরত থাকুন;
৫. হাচিঁ- কাশির সময় টিস্যু অথবা কাপড় ব্যবহার করুন বা বাহুর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন;
৬. একান্ত জরুরি প্রয়োজনে ঘরের বাহিরে যেতে হলে সামাজিক দুরত্ব বজায় রেখে চলাফেরা করুন;
৭. নিয়মিতভাবে পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণ করে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন;
৮. করোনা ভাইরাসের উপসর্গ দেখা দিলে ডাক্তারের শরণাপন্ন হোন। কোন প্রকার লুকোচুরি করবেন না। করোনা আক্রান্ত অধিকাংশ রোগীই চিকিৎসার পর সুস্থ হয়ে যান;
৯. করোনা আক্রান্ত ব্যক্তি ও তাঁর পরিবারের সদস্যদের প্রতি প্রতি মানবিক আচারণ করুন;
১০. নিয়মিত শরীর চর্চা অথবা শারীরিক পরিশ্রম করুন;
১১. গুজব রটাবেন না, গুজবে কান দিবেন না এবং গুজবে বিচলিত হবেন না;
১২. করোনা মহামারি সংক্রমণ রোধে সরকারের নির্দেশিত বিধি-নিষেধ এবং স্থানীয় প্রশাসনের নির্দেশনা অবশ্যই অনুসরণ করুন।

৩। স্থানীয় প্রশাসনকে এ জরুরি বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৮.০৬.২০২০

(মো: সাখাওয়াৎ হোসেন)
উপসচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
ফোন: ৯৫৪৫৭৩৮
e-mail:moragovbd@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
৩. উপ-মহাপরিদর্শক, (সকল রেঞ্জ), বাংলাদেশ পুলিশ।
৪. জেলা প্রশাসক (সকল)
৫. পুলিশ সুপার (সকল)

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০-১৯৬

তারিখ: ০৮/০৬/২০২০ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, ...................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৫. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য সকল বেসরকারি টেলিভিশনে টিভি স্ক্রলে প্রচার ও সকল ইলেক্ট্রনিক এবং প্রেস মিডিয়ায় প্রচারের জন্য অনুরোধসহ)।
১১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা (বিজ্ঞপ্তিটি সকল জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালকদের মাধ্যমে সকল মসজিদে প্রচারের অনুরোধসহ)।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন। (বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশন এলাকার সকল মসজিদে প্রচারের অনুরোধসহ)।
১৫. পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
১৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১. পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
২২. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৩. অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২৬. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

০৮-০৬-২০২০

মো: সাখাওয়াৎ হোসেন

উপসচিব